**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 16-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**New IR battalion :**

রাজ্যে আরও একটি ইন্ডিয়া রিজার্ভ ব্যাটেলিয়ান গঠনের অনুমতি দিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। গতকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের উপসচিব সন্তোষ কুমার রাজ্যের মুখ্য সচিবকে চিঠি দিয়ে এই কথা জানিয়েছেন। তিনি জানান, এই ব্যাটালিয়ন গঠনের জন্য কেন্দ্র সরকার এককালীন ৫০ কোটি টাকার আর্থিক সহায়তা দেবে। পাশাপাশি পরিকাঠামো নির্মাণের জন্য অতিরিক্ত সর্বোচ্চ ৩০ কোটি টাকা পর্যন্ত ব্যয়ও কেন্দ্র বহন করবে।

**********************

**NEET-UG :**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি বা এন.টি.এ জানিয়েছে, নিট ইউ.জি ২০২৬-এর পরীক্ষা আগামী ২১শে জুন অনুষ্ঠিত হবে। সামাজিক মাধ্যমে সংস্থাটি পরীক্ষার্থী এবং অভিভাবকদের শুধুমাত্র এন.টি.এ-র অফিসিয়াল চ্যানেলের উপর নির্ভর করার জন্য অনুরোধ জানিয়েছে। পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীরা আগামী ১৪ই জুনের মধ্যে পরীক্ষার প্রবেশপত্র পেয়ে যাবে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান জানিয়েছেন, আগামী বছর থেকে NEET UG পরীক্ষা বর্তমান OMR-ভিত্তিক পদ্ধতির পরিবর্তে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

**********************

**Transfer :**

ঊনকোটি জেলার জেলাশাসক তমাল মজুমদারকে রাজ্য সরকারের বিশেষ সচিব পদে বদলি করা হয়েছে। তিনি নগর উন্নয়ন দপ্তরের বিশেষ সচিব

ও অধিকর্তা পদে দায়িত্বে থাকবেন। তাছাড়া তিনি অগ্নি নির্বাপক দপ্তরেরও অধিকর্তা হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। নগর উন্নয়ন দপ্তরের অধিকর্তা মেঘা জৈনকে ঊনকোটি জেলার জেলা শাসক পদে বদলি করা হয়েছে।

**********************

**Akashvani 90 year :**

আকাশবাণীর ৯০ বছর পূর্তি উপলক্ষে সারা দেশের সঙ্গে আকাশবাণী আগরতলার উদ্যোগে সুকান্ত একাডেমিতে গতকাল শাস্ত্রীয় সঙ্গীতের অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলা শাসক ড: বিশাল কুমার। উপস্থিত ছিলেন CGST আগরতলা অফিসের অতিরিক্ত কমিশনার স্যামুয়েল এস ভাইফেই। অনুষ্ঠানে জেলাশাসক তার ভাষণে আকাশবাণীর ভূমিকার ভুয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানে শাস্ত্রীয় সুরে গিটার পরিবেশন করেন পঙ্কজ কুমার দাস। তবলা সহযোগিতায় ছিলেন দেবজ্যোতি দাশগুপ্ত।

**********************

**Census :**

পশ্চিম ত্রিপুরার জেলাশাসক ড: বিশাল কুমার জানিয়েছেন, আগামী পয়লা আগস্ট থেকে ৩০শে আগস্ট পর্যন্ত রাজ্যে জনগণনার প্রথম পর্যায় অনুষ্ঠিত হবে। গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি জানান দ্বিতীয় পর্যায়ের জনগণনার কাজ আগামী বছরের মার্চ মাসের মধ্যে সম্পন্ন করা হবে।

**********************

**Digital Governance Campaign Meeting :**

মুখ্যসচিব জে কে সিনহার পৌরহিত্যে গতকাল সচিবালয়ে সরকারী দপ্তরগুলিতে 'ডিজিটাল গভর্ন্যান্স ক্যাম্পেইন' শীর্ষক ১৫০ দিনের বিশেষ

কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সুশাসন দপ্তরের সচিব কিরণ গিত্তে জানান, এই কর্মসূচি মোট ৯টি গুরুত্বপূর্ণ প্যারামিটারের উপর ভিত্তি করে গড়ে তোলা হয়েছে। বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় সাধন, আধুনিক প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি এবং প্রশাসনিক দক্ষতা উন্নয়নের প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন। এই কর্মসূচির মূল লক্ষ্য হলো রাজ্য তথা দেশকে একটি পূর্ণাঙ্গ ডিজিটাল সমাজের আওতায় নিয়ে আসা।

**********************

**Ratan Lal Nath :**

বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ বলেছেন ত্রিপুরা এখন সৌরশক্তির দিকে দ্রুত অগ্রসর হচ্ছে এবং চলতি মাসের মধ্যেই রাজ্যের আটটি জেলার সব সভাধিপতির অফিসে সৌরবিদ্যুৎ ব্যবস্থা চালু করা হবে। গতকাল গীতাঞ্জলি গেস্ট হাউসে ট্রেডার ২৯তম গভর্নিং বডির বৈঠক শেষে তিনি একথা জানান। পি এম ডিভাইন প্রকল্প সম্পর্কে তিনি জানান, যেখানে বিদ্যুৎ পৌঁছায়নি সেখানে বিনামূল্যে মাইক্রোগ্রিডের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে এবং পানীয় জলের ব্যবস্থাও করা হচ্ছে। রাজ্য ধীরে ধীরে সৌরশক্তির দিকে এগোচ্ছে।

**********************

**TGB Lowgang :**

দক্ষিণ জেলার লাউগাং এলাকায় ত্রিপুরা গ্রামীন ব্যাংকের একটি নতুন শাখা খোলার উদ্যোগ নিতে রাজ্যের অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায়কে চিঠি দিলেন এলাকার বিধায়ক দীপংকর সেন। চিঠির প্রতিলিপি রাজ্যের মুখ্যমন্ত্রীকে দেওয়া হয়েছে বলে জানিয়েছেন বিধায়ক শ্রী সেন।

**********************

**Rudrasagar-Melaghar :**

সিপাহীজলা জেলার রুদ্রসাগরের উপর নির্ভরশীল প্রায় ৩ শতাধিক মৎস্যজীবী পরিবারের কথা মাথায় রেখে গতকাল রুদ্রসাগরের জলে বিভিন্ন প্রজাতির ২ লক্ষাধিক মাছের পোনা ছাড়া হয়েছে। তাতে ব্যয় হয়েছে প্রায় ১৫ লক্ষ টাকা। রুদ্রসাগর উদ্বাস্তু ফিশারম্যান সমবায় সমিতির সভাপতি পবিত্র কুমার দাস জানান, এতে উপকৃত হবেন সমবায় সমিতির অধীনে থাকা মৎস্যজীবীরা।

**********************

**Soldiers' Conference :**

দক্ষিণ ত্রিপুরা জেলার অবসরপ্রাপ্ত সৈনিকদের নিয়ে গতকাল বিলোনিয়ায় সৈনিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে রাজ্য সৈনিক পর্ষদের সহকারী সম্পাদক অবসরপ্রাপ্ত মেজর পি.কে.সিং উপস্থিত ছিলেন।

**********************

**CM–Petrol :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন রাজ্যে পর্যাপ্ত জ্বালানী মজুত রয়েছে। অযথা উৎকন্ঠা না হতে তিনি জনগণের প্রতি অনুরোধ জানান। পেট্রোল পাম্পগুলি থেকে প্রয়োজনের অতিরিক্ত পেট্রোল নেবার প্রয়োজন নেই বলে তিনি জানান।

**********************

**Summer Camp - South :**

দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে জেলা ক্রীড়া ও যুব কল্যান দপ্তরের সহযোগিতায় গতকাল থেকে দক্ষিন জেলার তিনটি পৌর ও নগর সংস্হা ও ৮টি ব্লকে শুরু হয়েছে গ্রীষ্মকালীন ক্রীড়া প্রশিক্ষণ শিবির। জেলা ক্রীড়া ও যুব কল্যান আধিকারিক রীতেশ শীল জানান, শিবিরগুলিতে ফুটবল, ভলিবল, খো খো, কাবাডি, ওয়েট লিফটিং, এথলেটিক ও জুডোর প্রশিক্ষণ দেওয়া হবে।

**********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৭ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ১৩.২ মিলিমিটার।

**********************